

■■ দল, সংগঠন, ইমারত ও বায়'আত সম্পর্কে বিশিষ্ট উলামায়ে কেরামের বক্তব্য

বিভাগ/অধ্যায়ঃ (২) মুকীম অবস্থায় 'ইমারত' বিষয়ক বিধি-বিধান সম্পর্কে সউদী আরবের উচ্চ উলামা পরিষদের ফংওয়া

রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: বর্তমান বিদ্যমান বিভিন্ন দল ও জামা'আত, যেমন: 'ইখওয়ানী', 'তাবলীগী', 'আনছারুস-সুন্নাহ', 'জাম্ইয়্যাহ শার্ইয়্যাহ', 'সালাফী', 'তাকফীর ওয়াল হিজরা', যেগুলি বর্তমানে মিশরে রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এসব দলের ক্ষেত্রে একজন মুসলিমের কি ধরনের ভূমিকা হতে পারে? এসব দলের ক্ষেত্রে কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হুযায়ফা রাদিয়াল্লাহু 'আনহুরাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত নিম্নোক্ত হাদীছটি প্রযোজ্য হবে? 'গাছের শিকড় কামড়ে ধরে হলেও মৃত্যু অবধি তুমি উক্ত দলগুলির সবই পরিত্যাগ করে চলবে'। (ছহীহ মুসলিম)

উত্তর: প্রশ্নে উল্লেখিত দলগুলির প্রত্যেকটিতে কিছু হকও আছে, কিছু বাতিলও আছে, অনুরূপভাবে আছে কিছু ভূল-ভ্রান্তি, আবার আছে কিছু সঠিক দিক। ঐসব দলগুলির কোনো কোনটি অন্যগুলির তুলনায় হকের অধিকতর নিকটবর্তী এবং অধিকতর কল্যাণময়। সেজন্য আপনার উচিৎ, প্রত্যেকটি দলকে তাদের সাথে বিদ্যমান হকের ক্ষেত্রে সহযোগিতা করা; আর বাতিল ও ভুল-ভ্রান্তির ক্ষেত্রে তাদেরকে নছীহত করা। যেসব বিষয়ে তোমার সন্দেহ হয়, সেগুলো পরিত্যাগ কর। আর যেসব বিষয়ে তোমার সন্দেহ না হয়, সেগুলো গ্রহণ কর। আল্লাহই একক তাওফীক্বদাতা।([1])

ফুটনোট

([1]) প্রাগুক্ত, ৬২৮০ নং ফৎওয়ার চতুর্থ প্রশ্ন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5287

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন